**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ৩ ফেব্রুয়ারি ২০১৬, ২১ মাঘ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ত্যাগী নেতাকর্মীদের জন্য ষড়যন্ত্র সফল হয়নি : প্রধানমন্ত্রী

২। বঙ্গবন্ধু মেডিকেল সুপার স্পেশালাইজড করাসহ একনেকে ৯ প্রকল্প অনুমোদন

৩। পাকিস্তানের মন্তব্য অনাকাঙ্খিত ও শিষ্টাচারবহির্ভূত : সংসদে পররাষ্ট্রমন্ত্রী
পাকিস্তানের হাইকমিশনারকে তলব করে বাংলাদেশের কড়া প্রতিবাদ

৪। আইএসের মিশন সম্পর্কে বাংলাদেশকে তথ্য দিতে চায় যুক্তরাষ্ট্র

৫। বিকৃত উচ্চারণে বাংলা বলবেন না : তথ্যমন্ত্রী

৬। ২০১৪-১৫ অর্থবছরের জিডিপি প্রবৃদ্ধি ৬ দশমিক ৫৫ শতাংশ

৭। জিকা ভাইরাস নিয়ে শঙ্কা নেই বাংলাদেশের

৮। মানবতাবিরোধী অপরাধের মামলায় ওবায়দুল
ও আতাউরের মৃত্যুদণ্ড ফাঁসি বা গুলিতে কার্যকরের নির্দেশ

৯। জনসমক্ষে ধূমপান বন্ধে হাইকোর্টের রুল

১০। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সোনাসহ বিমানের উড়োজাহাজ জব্দ

১১। গাজীপুরে গার্মেন্টসে ভয়াবহ আগুন, ব্যাপক ক্ষতি

১২। জাতিসংঘের সামনে একুশের ভাস্কর্য উন্মোচন

১৩। গ্রুপসেরা হয়ে কোয়ার্টার ফাইনালে বাংলাদেশ

চলমান পাতা/২

**১। ত্যাগী নেতাকর্মীদের জন্য ষড়যন্ত্র সফল হয়নি : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আওয়ামী লীগের বহু ত্যাগী ও আদর্শবান নেতা সৃষ্টি করেছেন। আর এসব ত্যাগী নেতা সৃষ্টি করেছিলেন বলেই বারবার আঘাত ও ষড়যন্ত্রের পরও আওয়ামী লীগের কেউ ক্ষতি বা নিশ্চিহ্ন করতে পারেনি। দেশ, জনগণ ও সংগঠনের জন্য সদা ত্যাগ স্বীকারে প্রস্তুত থাকার জন্য তিনি নেতাকর্মীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, ত্যাগেই সুখ, ভোগে সুখ নেই। দেশের ইতিহাসে ত্যাগীদের নাম চিরদিন স্বর্ণাক্ষরে লেখা থাকবে। গতকাল ২ ফেব্রুয়ারি মঙ্গলবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউশন মিলনায়তনে আওয়ামী লীগের সদ্য প্রয়াত প্রবীন নেতা নুরুল ইসলাম এবং ঢাকা মহানগর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি এম এ আজিজ স্মরণে ঢাকা মহানগর আওয়ামী লীগ আয়োজিত স্মরণ সভায় প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **জনকন্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

**২। বঙ্গবন্ধু মেডিকেল সুপার স্পেশালাইজড করাসহ একনেকে ৯ প্রকল্প অনুমোদন**

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় সুপার স্পেশালাইজড করাসহ ৯ প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় হবে ৪ হাজার ৮৫৮ কোটি ৭৭ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ২ হাজার ৪৭৭ কোটি ৪৯ লাখ টাকা, বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব তহবিল থেকে ১৭৩ কোটি ৯৩ লাখ এবং বৈদেশিক সহায়তা থেকে ২ হাজার ২০৭ কোটি ৩৫ লাখ টাকা ব্যয় করা হবে। গতকাল ২ ফেব্রুয়ারি মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে এ বৈঠক অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপার্সন শেখ হাসিনা। সূত্র- **জনকন্ঠ** ( শেষ পৃ,ক.৪),

**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.৩,ক.১)।

**৩। পাকিস্তানের মন্তব্য অনাকাঙ্খিত ও শিষ্টাচারবহির্ভূত : সংসদে পররাষ্ট্রমন্ত্রী**

**পাকিস্তানের হাইকমিশনারকে তলব করে বাংলাদেশের কড়া প্রতিবাদ**

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, যুদ্ধাপরাধীদের বিচার প্রসঙ্গে পাকিস্তানের করা মন্তব্য অনাকাঙ্খিত ও শিষ্টাচারবহির্ভূত। তবে পাকিস্তানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করার আপাতত কোনো সম্ভাবনা নেই। গতকাল ২ ফেব্রুয়ারি মঙ্গলবার জাতীয় সংসদের ৯ম অধিবেশনের নবম কার্যদিবসে প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

ইসলামবাদে বাংলাদেশ মিশনের প্রেস শাখার ব্যক্তিগত কর্মকর্তা মো. জাহাঙ্গীর হোসেনের নিখোঁজ হওয়ার ঘটনায় পাকিস্তানের হাইকমিশনারকে ডেকে কড়া প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ গতকাল ২ ফেব্রুয়ারি মঙ্গলবার পাকিস্তানের হাইকমিশনার সুজা আলমকে ডেকে কূটনীতিকপত্র হস্তান্তর করে পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র-**ইত্তেফাক**(পৃ.১ ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ, যুগান্তর, ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৪। আইএসের মিশন সম্পর্কে বাংলাদেশকে তথ্য দিতে চায় যুক্তরাষ্ট্র**

যুক্তরাষ্ট্র আইএস'র মিশন ও ভিশন সম্পর্কে বাংলাদেশকে তথ্য দিতে চায়। এজন্য তথ্য আদান-প্রদানে যুক্তরাষ্ট্র একজন বিশেষজ্ঞ বাংলাদেশে পাঠাতে চায় বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। বাংলাদেশ এই উদ্যোগকে স্বাগত জানিয়েছে বলে জানান তিনি। গতকাল



২ ফেব্রুয়ারি মঙ্গলবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে নিজ কার্যালয়ে মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট ও যুক্তরাজ্যের হাইকমিশনার অ্যালিসন ব্লেইকের সঙ্গে এক বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র - **সংবাদ** ( শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২), **নিউএজ** (শেষ পৃ,ক.২)।

**৫। বিকৃত উচ্চারণে বাংলা বলবেন না : তথ্যমন্ত্রী**

বিকৃত উচ্চারণে বাংলা না বলতে এফএম রেডিওর উপস্থাপক, অনুষ্ঠান সঞ্চালকসহ গণমাধ্যম সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল ২ ফেব্রুয়ারি মঙ্গলবার অমর একুশে বইমেলায় ঢাকা রিপোর্টার্স ইউনিটির স্টল উদ্বোধন কালে তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.৪)।

**৬। ২০১৪-১৫ অর্থবছরের জিডিপি প্রবৃদ্ধি ৬ দশমিক ৫৫ শতাংশ**

গত ২০১৪-১৫ অর্থবছরের মোট দেশজ উৎপাদন (জিডিপি) প্রবৃদ্ধি হয়েছে ৬ দশমিক ৫৫ শতাংশ। যা বর্তমান আওয়ামী লীগের দুই মেয়াদে সর্বোচ্চ প্রবৃদ্ধি। এর আগে ২০০৬-০৭ অর্থবছরে ৭ দশমিক ৬ শতাংশ প্রবৃদ্ধি অর্জন হয়েছিল। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) প্রাক্কলনে এ তথ্য পাওয়া গেছে। গতকাল ২ ফেব্রুয়ারি মঙ্গলবার পরিকল্পনামন্ত্রী আহম মোস্তফা কামাল জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভা শেষে সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।

**৭।  জিকা ভাইরাস নিয়ে শঙ্কা নেই বাংলাদেশের**

জিকা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বিশ্ব স্বাস্থ্য সংস্থা বৈশ্বিক স্বাস্থ্য জরুরি অবস্থা ঘোষণা করলেও এ ভাইরাস নিয়ে বাংলাদেশের শঙ্কার কিছু নেই বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা। তাদের মতে, জিকা ভাইরাস নিয়ে বাংলাদেশের ভয়ের কিছু নেই। সতর্কতা অবলম্বন করলেই এ ভাইরাস থেকে মুক্ত থাকা সম্ভব। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ,ক.৬),

**ডেইলি সান** (পৃ.১,ক.২), **ইনকিলাব** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৮।  ওবায়দুল ও আতাউরের মৃত্যুদণ্ড ফাঁসি বা গুলিতে কার্যকরের নির্দেশ**

**মুক্তিযুদ্ধে ৩০ লাখ শহিদ প্রতিষ্ঠিত ইতিহাস : আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের পর্যবেক্ষণ**

মানবতাবিরোধী অপরাধের দায়ে নেত্রকোনায় মো. ওবায়দুল হক ওরফে তাহের ও আতাউর রহমান ওরফে ননীকে মৃত্যুদণ্ড দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। তাদের ফাঁসিতে ঝুলিয়ে অথবা গুলি করে মৃত্যুদণ্ড কার্যকর করা যাবে বলে রায়ের আদেশে বলা হয়েছে। গতকাল ২ ফেব্রুয়ারি মঙ্গলবার বিচারপতি আনোয়ারুল হকের নেতৃত্বাধীন ট্রাইব্যুনালে এ রায় দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১ ক.১), **ইন্ডিপেনডেন্ট, অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

মুক্তিযুদ্ধে শহিদের সংখ্যা নিয়ে রাজনৈতিক অঙ্গনে পাল্টাপাল্টি বিতর্কের মধ্যে আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনাল বলেছে, বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে ৩০ লাখ মানুষের শহিদ হওয়া প্রতিষ্ঠিত ইতিহাস। এ বিষয়ে বিতর্কের কোনো অবকাশ নেই। গতকাল ২ ফেব্রুয়ারি মঙ্গলবার মো. ওবায়দুল হক ওরফে আবু তাহের ও আতাউর রহমান ননীর যুদ্ধাপরাধ মামলার রায়ের পর্যবেক্ষণে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের এই বক্তব্য আসে বলে প্রসিকিউটর জেয়াদ আল মামুন জানান। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১ ক.৫), **সংবাদ** (পৃ.১ ক.৫), **ডেইলি সান** (পৃ.১ ক.১)।



**৯।  জনসমক্ষে ধূমপান বন্ধে হাইকোর্টের রুল**

জনসমক্ষে ধূমপান বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে কেন নির্দেশ দেয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। একইসঙ্গে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন ২০০৫ এর ৭ ও ৮ ধারা বাস্তবায়নে কেন পদক্ষেপ নেওয়া হবে না তা জানতে চেয়েছেন আদালত। এক রিট আবেদনের প্রাথমিক শুনানি শেষে বিচারপতি কামরুল ইসলাম সিদ্দিকি ও বিচারপতি রাজিক আল জলিলের হাইকোর্ট বেঞ্চ গতকাল ২ ফেব্রুয়ারি মঙ্গলবার এ রুল জারি করেন। সূত্র-**ভোরের কাগজ**

(পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩ ক.৮)।

**১০। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সোনাসহ বিমানের উড়োজাহাজ জব্দ**

চোরাচালানের সোনা বহন করার অভিযোগে আবারও বিমানের একটি উড়োজাহাজ জব্দ করা হয়েছে। গত **১** ফেব্রুয়ারি সোমবার দোহা থেকে আসা ওই ফ্লাইটটি শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের পর সেখানে অভিযান চালিয়ে ৭ কেজি স্বর্ণ উদ্ধার করা হয়। উদ্ধারকৃত স্বর্ণের বাজারমূল্য আনুমানিক তিন কোটি টাকা। এ সময় কাউকে আটক করা যায়নি। তবে বিমানের চার কর্মকর্তা-কর্মচারীকে আসামি করে বিমানবন্দর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ. ক.১), **ইন্ডিপেনডেন্ট,** (পৃ.৩ ক.১)।

**১১। গাজীপুরে গার্মেন্টসে ভয়াবহ আগুন, ব্যাপক ক্ষতি**

গাজীপুরে রফতানিমুখী এক পোশাক কারখানায় গতকাল ২ ফেব্রুয়ারি মঙ্গলবার ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। ওই কারখানা ভবনের ৮ম তলায় অগ্নিকান্ডে গুদাম ও রফতানির জন্য রাখা তৈরি পোশাক ও কাঁচামাল পুড়ে গেছে। ফায়ার সার্ভিসের ২৪টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে আনতে কাজ করেছে। সূত্র– **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২ ক.৬), **নিউজ টুডে**

(শেষ পৃ, ক.৫)।

**১২। জাতিসংঘের সামনে একুশের ভাস্কর্য উন্মোচন**

ভাষার মাস ফেব্রুয়ারির প্রথম দিন ১ ফেব্রুয়ারি নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতরের সামনে প্রতিবছরের মতো স্থাপন করা হয়েছে শহিদ মিনার তথা ‘একুশের ভাস্কর্য। জাতিসংঘের দাগ হ্যামারসোল্ড প্লাজায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ভাস্কর্যের উদ্বোধন করেন জাতিসংঘের বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মাসুদ বিন মোমেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **ডেইলি সান** (পৃ.২ ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ, ক.৭)।

**১৩। গ্রুপসেরা হয়ে কোয়ার্টার ফাইনালে বাংলাদেশ**

টানা দুই ম্যাচ জিতে অনূর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপের কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করে নেয় বাংলাদেশ। তারপরও গ্রুপপর্বের শেষ ম্যাচটিকে বেশি গুরুত্ব দিয়েছিল স্বাগতিকরা। তাদের প্রচেষ্টা পুরোপুরি সফল হয়েছে। গতকাল ২ ফেব্রুয়ারি মঙ্গলবার নামিবিয়াকে ৮ ইউকেটে হারিয়ে গ্রুপসেরা হওয়ার বিষয়টি নিশ্চিত করেছে বাংলাদেশ। আগামী ৫ ফেব্রুয়ারি শুক্রবারের কোয়ার্টার ফাইনালে

বাংলাদেশ খেলবে নেপালের বিপক্ষে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **ডেইলি সান** ( পৃ.১ ক.৭), **ইন্ডিপেনডেন্ট,** (পৃ.১ ক.১)।

**=৫=**

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** পটুয়াখালীর ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালের ৫৮টি চিকিৎসকের পদের অর্ধেকের বেশি খালি পড়ে থাকার প্রভাব পটুয়াখালী মেডিকেল কলেজের ওপরও পড়ছে উল্লেখ করে ব্যবস্থাপনার বিশৃঙ্খলার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** দেশের দুই তৃতীয়াংশ সরকারি মেডিকেল কলেজের অধ্যক্ষ পদে ভারপ্রাপ্ত ও চলতি দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ কাজ করছেন উল্লেখ করে এ ব্যাপারে কর্তৃপক্ষকে সংকট নিরসনে যথাযথ উদ্যোগ নেওয়ার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** বর্তমানে কম দামে পেঁয়াজ বিক্রি করে পেঁয়াজ চাষীদের লোকসান হওয়ায় পণ্যের বাজার নিয়ন্ত্রণে সরকারকে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **সংবাদ :** জ্বালানি তেলের দাম না কমিয়ে বিদ্যুতের দাম বাড়িয়ে জনগণের ভোগান্তি সৃষ্টি করা সঙ্গত নয় বলে অভিমত প্রকাশ।

ঙ. **সমকাল :** গোপালগঞ্জের রামদিয়া এবং মানিকগঞ্জের সিংগাইরে পরীক্ষার্থীদের ২০১৪ সালের প্রশ্নপত্রে এসএসসি পরীক্ষা দেওয়ার মতো অব্যবস্থাপনার কারণে পরীক্ষার্থীরা যেন ক্ষতিগ্রস্ত না হয় সেই প্রত্যাশা ব্যক্ত ।

চ. **যুগান্তর :** সংসদীয় কমিটি ও দুদকের মধ্যে জবাবদিহিতার প্রশ্নে দ্বন্দ্ব দেখা দেওয়ার পরিপ্রেক্ষিতে সব প্রতিষ্ঠানেরই জবাবদিহিতা থাকা প্রয়োজন বলে অভিমত।

ছ. **ভোরের কাগজ :** শেরপুরের পাহাড় অস্ত্র মজুদের সঙ্গে জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনার সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** জনপ্রশাসনে উপসচিব, যুগ্ম সচিব, ও অতিরিক্ত সচিব পদে অতিরিক্ত কর্মকর্তা থাকা সত্ত্বেও এই তিন পদে আরও ৫০০ কর্মকর্তাকে পদোন্নতি দেওয়া হলে পদোন্নতির জন্য পরীক্ষাপদ্ধতি চালু করার ওপর গুরুত্বারোপ।

ঝ. **ইন্ডিপেনডেন্ট :** খুলনা শহরের বিভিন্ন স্থানে খুলনা মেট্রোপলিটান পুলিশের বিভিন্ন সদস্যের চাঁদা আদায় ও হয়রানির ঘটনায় জড়িত থাকার অভিযোগের সুষ্ঠু তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেওয়ার

আহ্বান।

ঞ. **নিউএজ, ইনকিলাব :** রাজধানীর আদাবরের এক মহিলাকে নির্যাতনের ঘটনায় জড়িত পুলিশের সাব-ইন্সপেক্টর জড়িত থাকায় ঘটনার সঠিক তদন্ত করে আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ট. **অবজারভার :** বই মেলা উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রকাশকদের শিশুতোষ বই বেশি করে প্রকাশের যে আহ্বান জানিয়েছেন তাকে স্বাগত জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে সরকারি চাকরিতে সবাই আসেন এর সুযোগ ও সীমাবদ্ধতা জেনে। সুতরাং সর্বত্রই সমান সুযোগ থাকবে-এমনটা ভাবা অসংগত বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'উন্নয়ন ও গণতন্ত্র'** শিরোনামের নিবন্ধে ড. এম এম আকাশ আমরা যখন গণতন্ত্রের সংগ্রাম করবো তখন আমাদের খেয়াল রাখতে হবে যেন তা অগণতান্ত্রিক মৌলবাদী শক্তি বা সেনাশাসনের পক্ষের শক্তির হাতে চলে না যায় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা